126

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 SEP 1998
পৃঃ ৪ কলাম ৪

# প্রসঙ্গ ঃ ক্যাডেট কলেজের পরীক্ষা কেন্দ্র

গত ৬-৯-৯৮ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত 'প্রসঙ্গ ঃ ক্যাডেট কলেজের পরীক্ষা কেন্দ্র' শীর্ষক পত্রের লেখিকা শামসুন্নাহার শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিয়া অনুরোধ করিয়াছেন, যাহাতে দেশের সাধারণ স্কুলগুলির মতো ক্যাডেট কলেজগুলির এস,এস,সি পরীক্ষা বিভিন্ন স্কুল কেন্দ্রে অনুষ্ঠিত হয়। পত্রলেখিকা যুক্তি দেখাইয়াছেন যে, ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা নিজ কেন্দ্রে পরীক্ষা দিবার ফলে বাড়তি কিছু সুযোগ নিয়া থাকে। এই ভ্রান্ত ধারণা অনেকেরই আছে। এই ভ্রান্ত ধারণা শোধরাইবার জন্য ১৯৮৭ সালে রাজশাহী ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা বোর্ড নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা দিয়াছিল। কিন্তু মজার ব্যাপার হইতেছে যে, সেই বছর রাজশাহী ক্যাডেট কলেজের বারজন পরীক্ষার্থী মেধা তালিকায় শীর্ষ দশটি স্থান লাভ করিয়াছিল। ইহার পর সমালোচকদের ভুল ভাঙ্গিয়াছে। ক্যাডেট কলেজের ছাত্ররা নিজ কেন্দ্রে পরীক্ষা দিলেও বোর্ড কর্তৃক নিয়োজিত বিভিন্ন স্কুলের সুযোগ্য শিক্ষকেরা পরীক্ষা কেন্দ্রে গার্ড হিসাবে থাকেন। ফলে এখানে সবচাইতে শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে পরীক্ষা হয়। আসলে পরিবেশগত সুবিধা নয় বরং পরিবেশগত কঠোর শৃঙ্খলা ও সুষ্ঠু নিয়ম-কানুনের জন্য ক্যাডেটরা ভাল রেজাল্ট করে। বাহিরের একজন মেধাবী পরীক্ষার্থীর মতো আমাদের এই দৃশ্য দেখিবার সৌভাগ্য (!) হয় নাই যে, নকল ধরার জন্য শিক্ষক স্ট্যাব হইতেছেন। ক্যাডেট কলেজ কেন্দ্রে পরীক্ষা না দিলেও আমাদের ফলাফল অক্ষুণ্ণ থাকিবে। আর বাহিরের কেন্দ্রে পরীক্ষা দিতেও আমাদের কোন সমস্যা নাই।

ক্যাডেট নাজমুল,
ক্যাডেট নম্বর ১৬২০,
রাজশাহী ক্যাডেট কলেজ,
রাজশাহী।